78

দৈনিক সংবাদ

তারিখ 01 NOV 199[illegible]
পৃঃ ৭ কলাম ৫

## বেসরকারি কলেজ অধ্যক্ষ সমিতি গঠন

'বাংলাদেশ বেসরকারি কলেজ অধ্যক্ষ সমিতি' নামে কলেজ অধ্যক্ষ–উপাধ্যক্ষদের একটি নতুন সংগঠন আত্মপ্রকাশ করেছে। অধ্যক্ষ মিজানুর রহমান চৌধুরীকে আহ্বায়ক, অধ্যক্ষ সৈয়দ শামসিআরা হোসাইন, অধ্যক্ষ আজিজ সরকার ও অধ্যক্ষ জহিরুল ইসলাম সিকদারকে যুগ্ম আহ্বায়ক করে সংগঠনের ৩৮ সদস্যবিশিষ্ট একটি আহ্বায়ক কমিটিও গঠন করা হয়েছে। সমিতির অস্থায়ী কার্যালয় হচ্ছে ঃ ৪৬–৪৭, জনসন রোড (আয়ুব ক্লিনিক, কোর্ট কাছারি ওভার ব্রিজের নিচে)।

বেসরকারি কলেজের বিপুলসংখ্যক অধ্যক্ষ ও উপাধ্যাক্ষের উপস্থিতিতে গত ২৪শে অক্টোবর বিয়াম মিলনায়তনে অনুষ্ঠিত এক সাধারণ সভায় এই সমিতি গঠন করা হয়। দেশে একটি অভিন্ন শিক্ষা ব্যবস্থা, সরকারি– বেসরকারি ক্ষেত্রের বৈষম্য দূরীকরণ, চাকরির নিরাপত্তা ও জাতীয়করণের অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে এই সমিতি গঠন করা হয়েছে। খবর সংবাদ বিজ্ঞপ্তির।